

- ২। এত যদি মনে ছিল, কেনে বেসেছিলে ভাল;
হৃদে হানিলে শেল ।
না দেখা মোর ছিল ভাল গো—
এখন বুক ভেঙ্গে যায় হতাশে ॥
- ৩। দেখা দিয়ে যদি লুকাইলে, কেন ভালবেসে
আমায় ভুলাইলে
আমায় পাগল করিলে ।
ফাঁকি দিয়ে কাঁদাইয়ে গো—
আমায় ফেলে গেলে প্রবাসে ॥
- ৪। আর কারে ক'ব দুঃখের কথা, কেউ বুঝে না
আমার প্রাণের ব্যথা,
হারে বান্ধব পাঁব কোথা ।
আমার বাদী হয় দয়াল বিধাতা গো—
হারে বান্ধব হারালেম কর্ম দোষে ॥
- ৫। তব চরণ হারা হ'য়ে, আমি ঘুরে বেড়াই অনাথ হয়ে,
বুক ভরা ব্যথা লয়ে ।
অধম নগার দিন যায় বয়ে গো—
গুরুচাঁদ তোমার ঐ চরণের আশে ॥



—নগেন্দ্রনাথ কর

৬৫ নং

তাল--একতাল

- আমার গুরুচাঁদে প্রেম-হিল্লোলে জগৎ ভেসে যায়
ও তার নামের গুণে, গহন বনে শুকনা লতায় ফল ধরায় ॥
- ১। যার নামে হয় মহাব্যাধি ক্ষয়, সে মানুষ'ত সামান্য নয়,
তারে দেখলে হয় ভাবের উদয়, সে যে গোলকবিহারী হরি,
এসে ওড়াকান্দী হ'ল উদয় ॥